গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com Fax: 0721-771511

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৪৮১ তারিখ ১৪ ফাল্গুন ১৪৩১ ব:
২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

## ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার online-এ ফরম পূরণের কাজ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে সম্পন্ন করা হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে জুন/২০২৫ পর্যন্ত বেতন পরিশোধ করে নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

### বিলম্ব ফি ছাড়া পরীক্ষার ফরম পূরণের সময়সূচি

| অনলাইনে ফরম পূরণের সময়সূচি | শাখার নাম | ফরম পূরণের স্থান |
|---|---|---|
| ০৪/০৩/২০২৫ থেকে ১০/০৩/২০২৫ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | বিজ্ঞান, মানবিক এবং ব্যবসায় শিক্ষা | **সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে অনলাইনের মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ সম্পন্ন করতে হবে এবং পরীক্ষার ফরম পূরণের পেমেন্ট স্লিপের ফটোকপি রসায়ন ভবনের নিচ তলায় জমা দিতে হবে ।** |

১। **পরীক্ষার ফিস জমা: (নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

ছাত্র-ছাত্রীদেরকে পেমেন্ট অপশনে যাওয়ার আগে *http://180.211.183.206/EasyCollegeMate/public/HSC/formfillup* লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর ১০ ডিজিটের **ID No.** ও **Level** দিয়ে Next বাটনে চাপ দিলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসবে (প্রজোয্য ক্ষেত্রে নিয়মিত/অনিয়মিত/বিষয়সংখ্যা নির্বাচন করে Next বাটনে চাপ দিয়ে **invoice** তৈরি করে নিতে হবে)। তারপর DBBL টাকা পরিশোধের পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ রিফ্রেস করে অথবা পুনরায় অনুরূপভাবে উক্ত লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করবে।

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

**১। যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে, সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান**
**২। পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন**
**৩। Self 1 (One) সিলেক্ট করুন**
**৪। Other 2 (Two) সিলেক্ট করুন**
**৫। Enter Payer Mobile Number (Enter Student Mobile Number)**
**৬। Other 0 (Zero) সিলেক্ট করুন**
**৭। রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন**
**৮। Bill No-এ আপনার Class ID (উদাহরণ-2019000003) দিন**
**৯। টাকার পরিমাণ লিখুন**
**১০। PIN টাইপ করুন**
**১১। OK/Send বাটন চাপুন**
**১২। পেমেন্ট সফলভাবে সম্পূর্ণ হলে /Trx id পাবেন এবং আপনার ফরম পূরণ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।**

(বি:দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।)

২। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

ক. যে সকল পরীক্ষার্থী ২০২২, ২০২৩ এবং ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে রেজিস্ট্রেশন মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।** তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ. যে সকল পরীক্ষার্থী ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০২২/২০২৩/২০২৪ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২২/২০২৩/২০২৪ সালে পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। **২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্তঃ**
পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং:-শিম/শা:১০/৭ পরীক্ষা ২ গ্রেডিং/২০০২/৬১০ তারিখ ০৪/০১/২০০৩ এর ১ (এ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

৪। **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্তঃ**

(ক) ২০২০-২০২১ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৯-২০২০ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ককে অনুরোধ করা হলো।

৫। **রেজিস্টেশন নবায়ন সংক্রান্তঃ**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের পূর্বে এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৪ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

**বি.দ্র. : আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই ৪র্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

৬। **G.P.A উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

**(গ) জিপিএ উন্নয়ন ফরম পূরণ সংক্রান্ত কাজ Online-এ সম্পন্ন করতে হবে।**

৭। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সময় সংক্রান্তঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৩.০০ ঘন্টা।**

৮। **পরীক্ষার ফি-এর বিবরণঃ**

| ক্র: নং | গ্রুপ/শাখা | পরীক্ষার্থীর ধরণ | টাকার পরিমান | অনিয়মিত |
|---|---|---|---|---|
| ১ | বিজ্ঞান | নিয়মিত | ২৮৩০/- | ২৯৩০/- |
| ২ | ব্যবসায় শিক্ষা | নিয়মিত | ২৪১০/- | ২৫১০/- |
| ৩ | মানবিক | নিয়মিত (আইসিটি সহ) | ২১৯০/- | ২২৯০/- |
| ৪ | মানবিক | নিয়মিত আইসিটিসহ (১ বিষয়ে ব্যবহারিক) | ২৪১০/- | ২৫১০/- |
| ৫ | মানবিক | নিয়মিত আইসিটিসহ (২ বিষয়ে ব্যবহারিক) | ২৫৫০/- | ২৬৫০/- |

<u>বিঃদ্রঃ</u> উপরোক্ত বিজ্ঞপ্তির সকল প্রকার সংশোধন, সংযোজন, পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৪৮১

তারিখ ১৪ ফাল্গুন ১৪৩১ বঃ
২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণ কমিটি-২০২৫, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 29/02/2025
রাজশাহী কলেজ, রাজশাহী।
29/02/2025